

# দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩ আখ্য়াবাদ বা/এ, চট্টগ্রাম। ফোনঃ পিএবিএক্স-৭১৩৩৬৬-৯, ফ্যাক্স-৭১০১৮৩  
E-mail: info@chittagongchamber.com, website.www.chittagongchamber.com

বিজ্ঞপ্তি নং-৯০

০৯ অক্টোবর ২০১৭ ইং

সকল সদস্যের প্রতি :

(স্মারকঃ এসএমইএফ/বিএসএস-১৫/জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার/২০১৭-১৫৭৬ তারিখঃ ২৮  
সেপ্টেম্বর ২০১৭)

এসএমই ফাউন্ডেশন আয়োজিত ‘জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০১৮’ এ অংশগ্রহণের জন্য  
এসএমইদের উৎসাহিত করা এবং আবেদন ফরম বিতরণে সহযোগিতা প্রদান প্রসংগে।

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এসএমই উদ্যোক্তাদের অবদান ও অংশগ্রহণকে উৎসাহিত এবং স্বীকৃতি দেয়ার লক্ষ্যে সরকার কর্তৃক গঠিত এসএমই ফাউন্ডেশন ‘জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০১৮’ প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। এ আয়োজনের মাধ্যমে দেশের পুরুষ ও নারী উদ্যোক্তাদের বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ তিনটি ক্যাটাগরিতে মোট ছয়টি পুরস্কার প্রদান করা হবে। প্রতিটি পুরস্কারের মূল্য ১ (এক) লক্ষ টাকা। জুরি বোর্ড কর্তৃক যোগ্য বিবেচিত হলে বিশেষ পুরস্কারের ব্যবস্থাও থাকতে পারে। ক্যাটাগরিসমূহ নিম্নরূপ :

- (১) বর্ষসেরা মাইক্রো উদ্যোক্তা (পুরুষ-১টি, নারী-১টি)
- (২) বর্ষসেরা ক্ষুদ্র উদ্যোক্তা (পুরুষ-১টি, নারী-১টি)
- (৩) বর্ষসেরা মাঝারি উদ্যোক্তা (পুরুষ-১টি, নারী-১টি)

০২। আবেদনপত্রের ভিত্তিতে সরেজমিন পরিদর্শন ও তথ্য যাচাই এবং জুরি বোর্ডের বিশ্লেষণ ও রায়ের আলোকে চূড়ান্ত বিজয়ী উদ্যোক্তা নির্বাচন করা হবে।

০৩। ‘জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০১৮’-তে অংশগ্রহণ করার লক্ষ্যে চেম্বারের সাথে সংশ্লিষ্ট এসএমই উদ্যোক্তাদেরকে (জাতীয় শিল্পনীতি-২০১৬ এর সংজ্ঞা অনুযায়ী; যা আবেদন ফরমে উল্লেখ রয়েছে) নির্ধারিত ফরমে আবেদন আগামী ২৯ অক্টোবর ২০১৭ ইং তারিখের মধ্যে আবেদন পত্র দাখিল করার অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়া এসএমই ফাউন্ডেশনের ওয়েবসাইট ([www.smef.org.bd](http://www.smef.org.bd)) থেকে নিয়মাবলীসহ আবেদন ফরম ডাউনলোড করা যাবে। এ বিষয়ে যে কোন তথ্যের প্রয়োজনে এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপক জনাব সৈয়দা সুলতানা ইয়াসমিন-এর সাথে ০১৭৩১-৫৯৫২০৬ নম্বরে যোগাযোগ করা যেতে পারে। আবেদন পত্রের ফরম চিটাগাং চেম্বার লাইব্রেরীতে যোগাযোগ পূর্বক ফটোকপি সংগ্রহ করতে পারবেন।

স্বাক্ষরিত/-

(প্রকৌশলী মোহাম্মদ ফারুক)

সেক্রেটারী ইনচার্জ